

এবার পদত্যাগপত্র জমা দিলেন নোবিপ্রবির সেই শিক্ষক

নোবিপ্রবি
প্রতিনিধি

২৯
আগস্ট,
২০২৩
১৮:১৫

শেয়ার

অ +

অ -



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নম্বর টেম্পারিং ও ছাত্রীদের যৌন হয়রানি করার অভিযোগে শাস্তি পাওয়া নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষা বিভাগের শিক্ষক এস এম মুশফিকুর রহমান আশিক পদত্যাগ পত্র জমা দিয়েছেন। ব্যক্তিগত কারণে এ পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে জানিয়েছেন তিনি।

আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বিষয়টি নিশ্চিত করে কালের কণ্ঠকে বলেন, 'শিক্ষা বিভাগের একজন শিক্ষকের পদত্যাগপত্র আমরা হাতে পেয়েছি। বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

এর আগে বিভাগের একাধিক ব্যাচের শিক্ষার্থীদের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের ৫৬তম সভার সিদ্ধান্তক্রমে গত ৯ ফেব্রুয়ারী এক অফিস আদেশের মাধ্যমে এস এম আশিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এসব শাস্তির মধ্যে ছিল আগামী ৫ বছরের জন্য সহকারী অধ্যাপক থেকে তাকে প্রভাষক পদে পদাবনতি, ভবিষ্যতে এমন কোনো অভিযোগ উঠলে স্থায়ীভাবে চাকুরিচ্যুত করা এবং শিক্ষাছুটি ও প্রমোশন/আপগ্রেডেশনের জন্য আবেদন করতে না পারার বিষয়টি।